শিক্ষা-২

(অধ্যাপক ড. শামছুন নাহার)
আইডি নং-৯৫৩৫
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ডিনস কমিটির সভার (১২/১০/২০২৫) কার্যবিবরণী

মাননীয় উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচডি-এর সভাপতিত্বে ডিনস কমিটির এক সভা ১২/১০/২০২৫ তারিখ উপাচার্য মহোদয়ের অফিস সংলগ্ন সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, সম্মানিত রেজিস্ট্রার, কলা অনুষদের ডিন, বিজ্ঞান অনুষদের ডিন, আইন অনুষদের ডিন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, জীববিজ্ঞান অনুষদের ডিন, ফার্মেসী অনুষদের ডিন, আর্থ এন্ড এনভায়রনমেন্ট সায়েন্সস অনুষদের ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন, চারুকলা অনুষদের ডিন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় উপস্থাপিত বিষয়ে আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-১:** গত ২৯/০৯/২০২৫ তারিখের সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

**সিদ্ধান্ত:** নিশ্চিত করা হলো।

**আলোচ্যসূচি-২:** নারী শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক স্বাস্থ্যের সুরক্ষাকল্পে তিনটি ছাড়নীতি ও একটি উদ্যোগ গ্রহণ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে মাননীয় ভাইস চ্যান্সেলর কর্তৃক গঠিত কমিটির রিপোর্ট এতদসংঙ্গে সংযুক্ত (পতাকা-ক)। রিপোর্টে উল্লেখিত কমিটির সুপারিশসমূহ অনুমোদনের বিষয় বিবেচনা।

**সিদ্ধান্ত:** কমিটির উপস্থাপিত রিপোর্টে উল্লেখিত সুপারিশসমূহ পর্যালোচনা করে মতামত প্রদানের জন্য Institutional Quality Assurance cell (IQAC) -এর পরিচালক মহোদয়কে অনুরোধ করা হলো।

**আলোচ্যসূচি-৩:** গত ২৯/০৯/২০২৫ তারিখ অনুষ্ঠিত ডিনস কমিটি সভায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে আইবিএ ইউনিট-এ ভর্তি সংশ্লিষ্ট বিষয় ও শিক্ষাকার্যক্রম সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করে সুপারিশ প্রদানের জন্য সভায় একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির ০৮/১০/২০২৫ তারিখের সভার সুপারিশ বিবেচনা। সুপারিশসমূহ নিম্নেবর্ণিত:

**সুপারিশ-১:** পূর্বের ন্যায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে আইবিএ ইউনিট স্বতন্ত্র ভাবে ভর্তি পরীক্ষা গ্রহণ করবে এবং আইবিএ ইউনিট প্রধান ভর্তি পরীক্ষা গ্রহণের সার্বিক দায়িত্বে থাকবে।

**সুপারিশ-২:** ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর শিক্ষাকার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিষয়ে সুপারিশ:

ক) ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর শিক্ষাকার্যক্রম বিশ্ববিদ্যালয়ের প্রচলিত ধারা সমন্বয়ের লক্ষ্যে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস ও অনলাইন ভর্তি অফিসের সাথে অধিকতর যোগাযোগ স্থাপনের মাধ্যমে পরিচালিত হবে।

খ) ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটে অধ্যয়নরত (আইবিএ) শিক্ষার্থীদের প্রতিটি শিক্ষাবর্ষের ফলাফল প্রতি বছর/সেমিস্টার পদ্ধতিতে প্রতি সেমিস্টারে প্রকাশ করতে হবে এবং প্রকাশিত ফলাফল পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে প্রদান করতে হবে।

গ) আইবিএ-ইউনিট আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে (বিবিএ) ভর্তি পরীক্ষার ফলাফল মাননীয় উপাচার্য-এর অনুমোদনক্রমে অনলাইন ভর্তি অফিসের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে প্রকাশ করতে হবে।

ঘ) আইবিএ ইউনিটে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে নির্ধারিত আসন মেধা তালিকায় পূরন করতে হবে। আসন শূন্য না রাখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

ঙ) শিক্ষার্থীরা তাদের প্রতি শিক্ষাবর্ষের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ধার্যকৃত ফি প্রদানের মাধ্যমে কেন্দ্রীয় ভাবে অনলাইনে সম্পন্ন করবে।

চ) আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের সকল তথ্য ও নথি ভর্তি কার্যক্রম সম্পন্ন করার পর রেজিস্ট্রার অফিস, ভর্তি শাখায় প্রেরণ করবে।

ক-চ পর্যন্ত সকল সিদ্ধান্ত পর্যালোচনা ও বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করা হলো। গঠিত কমিটি নিম্নরূপ:

১। পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা বিশ্ববিদ্যালয়

২। আহবায়ক, অনলাইন ভর্তি কমিটি, ঢাকা বিশ্ববিদ্যালয়

৩। অধ্যাপক ড. মো. মহিউদ্দিন, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

৪। অধ্যাপক ড. খালেদ মাহমুদ, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

রিশ-৩: ডিনস কমিটি সভায় আইবিএ ইউনিট সংশ্লিষ্ট বিষয় থাকলে সংশ্লিষ্ট সভায় আইবিএ ইনস্টিটিউটের পরিচালক মহোদয়কে অথবা তার উপযুক্ত প্রতিনিধি উপস্থিত থাকার বিষয় সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

সিদ্ধান্ত: গঠিত কমিটির সুপারিশসমূহ অনুমোদন করা হলো।

আলোচ্যসূচি-৪: অধ্যক্ষ ঢাকা কলেজ ও সরকারি সাত কলেজের অন্তর্বর্তীকালীন প্রশাসক মহোদয়ের আবেদন বিবেচনা। আবেদনে উল্লেখ করেন যে, ২০২৩ সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় বিজ্ঞান অনুষদের যে সকল শিক্ষার্থী ০৬ (ছয়) পত্রে, বিজনেস স্টাডিজ এবং কলা অনুষদের যে সকল শিক্ষার্থী ০৪ (চার) পত্রে অকৃতকার্য হয়েছে তাদের ২য় বর্ষে উত্তীর্ণ হিসাবে এবং যে সকল শিক্ষার্থী এক বা একাধিক পত্রে ফেল করে ইতোমধ্যে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদেরকে পরবর্তীতে উত্তীর্ণপত্রে আবার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার জন্য সুপারিশ করা হয়েছে।

সিদ্ধান্ত: বাস্তব পরিস্থিতি বিবেচনায় নিয়ে সরকারি ০৭ (সাত) কলেজের অন্তর্বর্তী প্রশাসনের প্রশাসক মহোদয়ের সুপারিশ পর্যালোচনা করে ২০২৩ সনের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় বিজ্ঞান অনুষদের যে সকল শিক্ষার্থী ০৪(চার) পত্রে, বিজনেস স্টাডিজ এবং কলা অনুষদের যে সকল শিক্ষার্থী ০৩(তিন) পত্রে অকৃতকার্য হয়েছে তাদের ২য় বর্ষে উত্তীর্ণ হিসেবে দেখানো অনুমতি দেয়া হলো। এছাড়াও যে সকল শিক্ষার্থী এক বা একাধিক পত্রে ফেল করে ইতোমধ্যে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদেরকে পরবর্তীতে উত্তীর্ণপত্রে আবার মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হলো।

আলোচ্যসূচি-৫: অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২৩ সনের (৩য় বর্ষ অনার্স) অর্থনীতি বিষয়ে সরকারি তিতুমীর কলেজের পরীক্ষার্থীদের উত্তরপত্র পুনঃ মূল্যায়ন সংক্রান্ত আবেদন বিবেচনা। আবেদনে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ মহোদয়ের সুপারিশ রয়েছে। পরীক্ষার্থীগণ আবেদনে উল্লেখ করেন যে, ১ম বর্ষের পরীক্ষায় ৮০ জনের অধিক ও ২য় বর্ষে ১২০ জনের মতো ৩.৫০ পেলেও ৩য় বর্ষের পরীক্ষায় গড়ে ৪-৫ জন ৩.৫০ পাওয়ায় তারা এ ফলাফলে হতাশ। ভালো পরীক্ষা দেয়ার পরেও ফলাফল বিপর্যয় হওয়ায় তাদের উত্তরপত্র পুনঃমূল্যায়নের জন্য আবেদন করেন। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পদ্ধতিতে উত্তরপত্র পুনঃমূল্যায়নের কোন নিয়ম নাই। বিশেষ ক্ষেত্রে ব্যাপকভাবে অকৃতকার্য পরীক্ষার্থীদের উত্তরপত্র প্রশাসনিক আদেশ নিয়ে পুনঃমূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করার পূর্ব নজির থাকলেও কম জি.পি.এ প্রাপ্ত কৃতকার্য পরীক্ষার্থীদের উত্তরপত্র পুনঃমূল্যায়নের পূর্ব নজির নেই।

কৃতকার্য পরীক্ষার্থীদের উত্তরপত্র পুনঃমূল্যায়নের আদেশ প্রদান করা হলে সকল কোর্সের এবং সকল পরীক্ষার্থীদের উত্তর পত্র পুনঃমূল্যায়ন করতে হবে।

সিদ্ধান্ত: বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী কম জিপিএ প্রাপ্ত কৃতকার্য পরীক্ষার্থীদের উত্তরপত্র পুনঃমূল্যায়ণের সুযোগ নাই।

আলোচ্যসূচি-৬: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে আসন সংখ্যা ১৫০ টি নির্ধারণের বিষয়ে ইনস্টিটিউটের পরিচালকের আবেদন বিবেচনা।

সিদ্ধান্ত: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে আসন সংখ্যা পূর্বের ন্যায় বহাল থাকবে।

স্বাক্ষরিত/৩০/১০/২০২৫
অধ্যাপক ড. সায়মা হক বিদিশা
প্রো-উপাচার্য (প্রশাসন)
রুটিন দায়িত্বপ্রাপ্ত উপাচার্য
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-২/২০২৫/৬২৮-৪৬ - ৩৮

তারিখঃ ১৭/৭ /১৪৩২ বঙ্গাব্দ
২/১১ /২০২৫ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪। হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫। আহবায়ক অনলাইন ভর্তি কমিটি, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮। ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯। ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
১০। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়
১১। মো. রিফাত আমিন, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
(ই-মেইল করার অনুরোধসহ)

Nuddin 2.11.25
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-২)
ঢাকা বিশ্ববিদ্যালয়